গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০২০.১৬./ ৯১৩৫

তারিখঃ ১৮ আশ্বিন, ১৪২৬ / ০৩ অক্টোবর, ২০১৯

## অফিস আদেশ

বিষয় : বিদ্যুৎ বিল পরিশোধকালে TIN Verification ব্যবস্থার মাধ্যমে করদাতা সনাক্তকরণ মডিউল প্রবর্তন এবং একই মডিউলের মাধ্যমে বিদ্যুৎ কর্তৃপক্ষের ডাটাবেজের সাথে সংযুক্তি স্থাপন সংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র : ইউ, ও নোট নং-০৮.০১.০০০০.০৩৯. ১১.০০২.২০১৯/৩৬৯, তারিখ-০১/১০/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে বিদ্যুৎ বিল পরিশোধকালে TIN Verification ব্যবস্থার মাধ্যমে করদাতা সনাক্তকরণ মডিউল প্রবর্তন এবং একই মডিউলের মাধ্যমে বিদ্যুৎ কর্তৃপক্ষের ডাটাবেজের সাথে সংযুক্তি স্থাপন সংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য একটি প্রকল্প চেয়ারম্যান মহোদয় কর্তৃক অনুমোদন করা হয়েছে। উক্ত প্রকল্পের কার্যক্রম সূচারুপে সম্পাদনের জন্য উপযুক্ত কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নেবর্ণিত ১০(দশ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলোঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | দায়িত্ব |
|---|---|---|
| ১। | জনাব খন্দকার খুরশীদ কামাল<br>প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও সমন্বয়),জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | প্রকল্প ব্যবস্থাপক |
| ২। | জনাব ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুন<br>প্রথম সচিব (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সহযোগী প্রকল্প ব্যবস্থাপক |
| ৩। | জনাব কাজী মোহাম্মদ জিয়াউল হক<br>সিনিয়র সিস্টেম এনালিষ্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | টেকনিক্যাল প্রধান |
| ৪। | জনাব গণেশ চন্দ্র মন্ডল<br>প্রথম সচিব (তথ্য ব্যবস্থাপনা ও মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | প্রকল্প সমন্বয়ক |
| ৫। | জনাব মোঃ গোলাম মোস্তফা<br>সিস্টেম এনালিষ্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সহযোগী টেকনিক্যাল প্রধান |
| ৬। | জনাব হাফিজ আল আসাদ<br>যুগ্ম কর কমিশনার, কর অঞ্চল-১১, ঢাকা। | সহযোগী সমন্বয়ক |
| ৭। | জনাব দুলাল চন্দ্র পান্ডে<br>যুগ্ম কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা। | সহযোগী সমন্বয়ক |
| ৮। | জনাব মোঃ জাহেদুল ইসলাম, যুগ্ম কর কমিশনার, আপীলাত রেঞ্জ-২, কর আপীল অঞ্চল-২, ঢাকা। | সহযোগী সমন্বয়ক |
| ৯। | জনাব লিংকন রায়<br>দ্বিতীয় সচিব (তথ্য ব্যবস্থাপনা ও মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সহকারী প্রকল্প সমন্বয়ক |
| ১০। | জনাব আমিনুর রহমান<br>সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সহকারী টেকনিক্যাল প্রধান |

০২। উপরিউক্ত কর্মকর্তাগণ তাঁদের নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে এই প্রকল্পে দায়িত্ব পালন করবেন। এই প্রকল্পে সরকারের উন্নয়ন বাজেট হতে অর্থের কোন সংশ্লেষ থাকবে না। কেবল এই প্রকল্পের অধীনে e-TIN System রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব খাতে বরাদ্দকৃত অর্থ এবং প্রয়োজনে জাতীয় রাজস্ব বোর্ডের ICT খাতে বরাদ্দকৃত অর্থ হতে e-TIN System এ প্রস্তাবিত মডিউল সৃজনে অর্থ সংস্থান করা হবে।

০৩। প্রকল্প পরিধি (Scope of the Project) ঃ

(ক) বিদ্যুৎ সংযোগ/বিতরণকারী কর্তৃপক্ষের Database এ বিদ্যুৎ সংযোগ গ্রহণকারীদের e-TIN সংক্রান্ত তথ্য সন্নিবেশন;

(খ) বিদ্যুৎ সংযোগ/বিতরণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত বিদ্যুৎ বিল পরিশোধকালে TIN Verification মডিউল প্রবর্তন;

(গ) প্রি-পেইড সংযোগের ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ/বিতরণকারী কর্তৃপক্ষের বিদ্যুৎ বিল পরিশোধের ডিজিটাল কার্ডের জন্য TIN Verification মডিউল প্রবর্তন ;

(ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের e-TINSystem এ বিদ্যুৎ সংযোগ গ্রহণকারীদের একটি পৃথক মডিউল সংযুক্তকরণ ;

(ঙ) নতুন মডিউলের রূপরেখা এরূপ হবে যেন নতুন পুরাতন সকল বিদ্যুৎ সংযোগ গ্রহণকারীর তথ্য (আইডিসহ) সংশ্লিষ্ট বিদ্যুৎ কর্তৃপক্ষের ডেটাবেজ থেকে সংগ্রহ করা যায়;

(চ) বিদ্যুৎ কর্তৃপক্ষের সিস্টেমের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের সিস্টেমের Integration এমনভাবে হতে হবে যেন জাতীয় রাজস্ব বোর্ড বিদ্যুৎ সংযোগ গ্রহণকারীর তথ্য নিতে পারে;

(ছ) প্রস্তাবিত মডিউলে সংগৃহীত ডাটাবেজে তথ্য হতে Business Intelligence Software চালনার মাধ্যমে নতুন করদাতা সনাক্ত এবং পুরাতন করদাতাদের গৃহ ও ফ্ল্যাটের মালিকানার সঠিক পরিসংখ্যান নিরুপন।

০৪। প্রকল্প পরিচালনায় অর্থ সংস্থান ঃ

e-TINমেইনটেন্যান্স খাত এবং ICT খাতে বরাদ্দকৃত বাজেট থেকে এ প্রকল্পের ব্যয় সংকুলান করা যেতে পারে।

০৫। কমিটির কার্যপরিধি ঃ

(ক) সংশ্লিষ্ট বিদ্যুৎ কর্তৃপক্ষের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের মতবিনিময় সভা আয়োজন করা এবং আলোচনার মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নে করণীয় নির্ধারণ করা;

(খ) বিদ্যুৎ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করে তাদের কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করা;

(গ) e-TIN System এর ভেন্ডর প্রতিষ্ঠান Synesis IT Ltd. কে লিখিতভাবে জাতীয় রাজস্ব বোর্ডের নির্মিতব্য মডিউল সম্পর্কে অবহিত করা এবং ডেভেলমেন্টের জন্য বাজেটের চাহিদা সংগ্রহ করা;

(ঘ) Integration কাজের চাহিদা অনুযায়ী দায়িত্ব পালন;

(ঙ) প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য একটি সময়োপযোগী যথাযথ Action Plan প্রণয়ন করা।

০৬। কমিটি কর্তৃক বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ বিতরণকারী কর্তৃপক্ষসহ ব্যাংক এবং অন্যান্য Stakeholder দের সংগে মতবিনিময় এবং অন্যান্য প্রয়োজনীয় সভার আয়োজন করে প্রকল্পের লক্ষ্য দ্রুত অর্জনের সকল পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোন-৪৮৩১৮১২০-২৬ (এক্স-৩৭১)।
ই-মেইল # nbrba1@gmail.com.


বিতরণ (প্রয়োজনীয় কার্যার্থে):

১। জনাব খন্দকার খুরশীদ কামাল, প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও সমন্বয়),জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। জনাব ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ মামুন, প্রথম সচিব (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। জনাব কাজী মোহাম্মদ জিয়াউল হক, সিনিয়র সিস্টেম এনালিষ্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। জনাব গণেশ চন্দ্র মন্ডল, প্রথম সচিব (তথ্য ব্যবস্থাপনা ও মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। জনাব মোঃ গোলাম মোস্তফা, সিস্টেম এনালিষ্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। জনাব হাফিজ আল আসাদ, যুগ্ম কর কমিশনার, কর অঞ্চল-১১, ঢাকা।
৭। জনাব দুলাল চন্দ্র পান্ডে, যুগ্ম কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা।
৮। জনাব মোঃ জাহেদুল ইসলাম, যুগ্ম কর কমিশনার, আপীলাত রেঞ্জ-২, কর আপীল অঞ্চল-২, ঢাকা।
৯। জনাব লিংকন রায়, দ্বিতীয় সচিব (তথ্য ব্যবস্থাপনা ও মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০। জনাব আমিনুর রহমান, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

জনাব কানন কুমার রায়, সদস্য (কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা প্রকল্পের তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করবেন এবং কমিটি তত্ত্বাবধায়কের দিকনির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করবে ও তাঁকে প্রকল্পের কাজের অগ্রগতি অবহিত করবে।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। জনাব কানন কুমার রায়, সদস্য (কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোয়ের সদয় অবগতির জন্য)।
৩। জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।